



দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং - ২০৪৭৪/৯২ এন.এফ.এফ. অনুমোদিত

প্রধান কার্যালয় - ২০/৪ শিল লেন, কলকাতা - ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স - ০৩৩-২৩২৮৩৯৮৯ ই-মেল : dmfwestbengal@gmail.com

স্মারক সংখ্যাঃ ডি.এম.এফ./প্রেসি/২১/২০২১

তারিখঃ ১৭.০৬.২০২১

মাননীয় মৎস্যমন্ত্রী,
পশ্চিমবঙ্গ সরকার,
বেনফিশ টাওয়ার (৮ম তল)
৩১ জি এন ব্লক, সল্টলেক, সেক্টর-৫
কলকাতা-৭০০০৯১

বিষয়ঃ সমুদ্র উপকূলবর্তী মৎস্য খটিগুলিতে সরকার নিযুক্ত অস্থায়ী খটিকর্মচারীদের অবিলম্বে পশ্চিমবঙ্গ সরকারের ন্যূনতম বেতন বিজ্ঞপ্তি অনুসারে বকেয়া বেতন প্রদানের আবেদন।

মাননীয় মহাশয়,

অত্যন্ত পরিতাপের সাথে আমরা আপনাকে জানাতে বাধ্য হচ্ছি যে পূর্ব-মেদিনীপুর ও দক্ষিণ ২৪ পরগণার মৎস্য খটিগুলিতে (চিরাচরিত সামুদ্রিক মৎস্য অবতরণ কেন্দ্রগুলিতে) পশ্চিমবঙ্গ সরকারের মৎস্য দপ্তর কর্তৃক নিযুক্ত অস্থায়ী খটি কর্মচারীরা ২০২০-২১ অর্থবর্ষে সেপ্টেম্বর থেকে মার্চ পর্যন্ত ৭ মাসের বেতন আজ পর্যন্ত পাননি। এটি সুবিদিত যে করোনা অতিমারি জনিত লকডাউন এবং আক্ষান ও যশ ঘূর্ণিবাত্যার উপর্যুপরি আঘাতে উপকূলবর্তী জনজীবন, জীবিকা ও আবাসস্থল সাংঘাতিক ক্ষতিগ্রস্ত হয়েছে। এই পরিস্থিতিতে স্বল্পবিত্ত খটি কর্মচারীদের ৭ মাসের বেতন বকেয়া থাকা খুবই দুঃজনক এবং অমানবিক। দপ্তরের উচ্চ বেতনভুক আধিকারিকরা নিয়মিত বেতন গ্রহন করছেন, অথচ তাদের দ্বারা নিযুক্ত অত্যন্ত কম বেতনের খটি কর্মচারীদের বেতন মাসের পর মাস বকেয়া পড়ে রয়েছে - এটি অনৈতিক ও দৃষ্টিকটু।

দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম মৎস্য দপ্তর নিযুক্ত অস্থায়ী খটি কর্মচারীদের ৭ মাসের বকেয়া বেতন অবিলম্বে প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য আপনার কাছে অনুরোধ জানাচ্ছে।

প্রসঙ্গত উল্লেখ্য যে ২০১৯-২০২০ অর্থবর্ষে মৎস্য দপ্তর কর্তৃক নিযুক্ত খটি কর্মচারীদের নিম্নলিখিত হারে বেতন দেওয়া হয়েছিল - খটি সুইপার / গার্ড মাসিক ৫৭০৯ টাকা ও খটি এটেন্ডেন্ট মাসিক ৬২৭৯ টাকা।

পশ্চিমবঙ্গ সরকারের শ্রম কমিশনারের ন্যূনতম বেতন সংক্রান্ত বিজ্ঞপ্তি নং - 51/703/Stat/2RW/29/2016/LCS/JLC dt. 25.06.2020 অনুসারে অদক্ষ শ্রমিক-কর্মচারীর জন্য ১লা জুলাই ২০২০ থেকে মাসিক ন্যূনতম বেতন নির্ধারিত হয়েছে শহরাঞ্চলের জন্য ৮,৫৫০ টাকা ও গ্রামাঞ্চলের জন্য ৭,৫৯৫ টাকা।

আবার পশ্চিমবঙ্গ সরকারের শ্রম কমিশনারের বিজ্ঞপ্তি নং - 110/Stat/2RW/51/2002/LCS/JLC dt. 25.06.2020 অনুসারে মৎস্যক্ষেত্রের অদক্ষ শ্রমিক-কর্মচারীর জন্য মাসিক ন্যূনতম বেতন নির্ধারিত হয়েছে ৬,৬৮৪ টাকা।



দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং - ২০৪৭৪/৯২ এন.এফ.এফ. অনুমোদিত

প্রধান কার্যালয় - ২০/৪ শিল লেন, কলকাতা - ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স - ০৩৩-২৩২৮৩৯৮৯ ই-মেল : dmfwestbengal@gmail.com

উল্লেখ্য যে West Bengal Shops and Establishment Act 1963 এর ২(২) ধারায় নির্ধারিত সংজ্ঞা অনুযায়ী সরকার নিযুক্ত অস্থায়ী খটি কর্মচারীরা উক্ত আইনের অধীনে সুবিধা পাওয়ার যোগ্য।

সাধারণ অদক্ষ শ্রমিক-কর্মচারীদের (গ্রোমাঞ্চলের) জন্য নির্ধারিত মাসিক ন্যূনতম বেতনের থেকে মৎস্যক্ষেত্রের অদক্ষ শ্রমিক-কর্মচারীদের জন্য নির্ধারিত মাসিক ন্যূনতম বেতন ৯১১ টাকা কম। এই বৈষম্য অযৌক্তিক, অনৈতিক ও বে-আইনি।

এমতাবস্থায় আপনার কাছে আমাদের অনুরোধ যে -

- ১। অবিলম্বে শ্রম দপ্তরের বিজ্ঞপ্তি নং - 51/703/Sat/2RW/29/2016/LCS/JLC dt. 25.06.2020 ও বিজ্ঞপ্তি নং - 110/Stat/2RW/51/2002/LCS/JLC dt. 25.06.2020 এর বৈষম্য দূর করে ১লা জুলাই ২০২০ থেকে মৎস্যক্ষেত্রের অদক্ষ শ্রমিক-কর্মচারীদের জন্য মাসিক ন্যূনতম বেতন ৭,৫৯৫ টাকা নির্ধারিত করে বিজ্ঞপ্তি জারির নির্দেশ দিন।
- ২। অবিলম্বে শ্রম দপ্তরের বিজ্ঞপ্তি নং - 51/703/Sat/2RW/29/2016/LCS/JLC dt. 25.06.2020 অনুসারে উপকূলীয় মৎস্য খটির সরকার নিযুক্ত গার্ড ও সুইপারদের ১লা জুলাই ২০২০ পরবর্তী সময়ে নিযুক্তির ক্ষেত্রে মাসিক ন্যূনতম বেতন ৭,৫৯৫ টাকা প্রদানের নির্দেশ দিন।
- ৩। ২০১৯-২০২০ অর্থবর্ষে মৎস্য খটিগুলিতে নিযুক্ত খটি সুইপার ও গার্ডদের মাসিক ৫৭০৯ টাকা এবং খটি এটেন্ডেন্টদের মাসিক ৬২৭৯ টাকা বেতন দেওয়া হয়েছে। এই পার্থক্যের স্বাভাবিক কারণ খটি সুইপার ও গার্ডদের থেকে খটি এটেন্ডেন্টরা উচ্চতর দায়িত্ব পালন করে থাকেন এবং সেই দায়িত্ব পালনে অধিকতর দক্ষতার প্রয়োজন হয়। এই সুবাদে খটি এটেন্ডেন্টদের স্বল্প-দক্ষ শ্রমিক-কর্মচারী হিসেবে গণ্য করে শ্রম দপ্তরের বিজ্ঞপ্তি নং - 51/703/Sat/2RW/29/2016/LCS/JLC dt. 25.06.2020 অনুসারে ১লা জুলাই ২০২০ পরবর্তী সময়ে নিযুক্তির ক্ষেত্রে মাসিক ন্যূনতম বেতন ৮,৩৫২ টাকা প্রদানের নির্দেশ দিন।

আরও উল্লেখ্য যে মৎস্য দপ্তর প্রতি বছর খটি কর্মচারীদের নিয়োগ করলেও তাদের নিয়মিত নিয়োগপত্র দেয় না। এটি প্রশাসনিক শৃঙ্খলা এবং নিয়োগকর্তা ও নিযুক্ত কর্মচারী উভয়ের দায়বদ্ধতার ক্ষেত্রে সমস্যা সৃষ্টি করতে পারে।

দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম মৎস্য দপ্তর নিযুক্ত খটি কর্মচারীদের নিয়মিত যথাযোগ্য নিয়োগপত্র প্রদানের অনুরোধ জানাচ্ছে।

- ধন্যবাদসহ,

প্রদীপ চ্যাটার্জী

সভাপতি,

দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম,

মোবাইলঃ ৯৮৭৪৪৩২৭৭৩



দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং - ২০৪৭৪/৯২ এন.এফ.এফ. অনুমোদিত


প্রধান কার্যালয় - ২০/৪ শিল লেন, কলকাতা - ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স - ০৩৩-২৩২৮৩৯৮৯ ই-মেল : dmfwestbengal@gmail.com

স্মারক সংখ্যাঃ ডি.এম.এফ./প্রেসি/২১/২০২১/১(২)

তারিখঃ ১৭.০৬.২০২১


অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিলিপি প্রেরিত হল -


- ✓ ১। অতিরিক্ত মুখ্য সচিব, মৎস্য দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার। বেনফিশ টাওয়ার (৮ম তল), ৩১ জি এন ব্লক, সল্টলেক, সেক্টর-৫, কলকাতা-৭০০০৯১
- ✓ ২। মৎস্য অধিকর্তা, পশ্চিমবঙ্গ সরকারের মৎস্য দপ্তর, ৩১, জি. এন. ব্লক, সেক্টর ফাইভ, সল্টলেক, কলকাতা - ৭০০০৯১



প্রদীপ চ্যাটার্জী
সভাপতি,

দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম,
২০/৪, কলকাতা - ৭০০০১৫
মোবাইলঃ ৯৮৭৪৪৩২৭৭৩


18/06/21


18.06.21
DIRECTOR OF FISHERIES
Govt. of West Bengal